120

ভোরের কাগজ

তারিখ 04 DEC 1997
পৃষ্ঠা কলাম

### উপাধ্যক্ষসহ গ্রেপ্তার ৬

# সন্ত্রাসীদের হামলায় টিএন্ডটি কলেজের অধ্যক্ষ আহত

মেডিকেল প্রতিবেদক : গতকাল বুধবার মতিঝিল টিএন্ডটি কলেজ ক্যাম্পাসে সন্ত্রাসীদের হাতে প্রহৃত হয়েছেন ঐ কলেজের অধ্যক্ষ অধ্যাপক মনির আহমেদ (৫৫)। গুরুতর আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পুলিশ টিএন্ডটি কলেজের উপ-অধ্যক্ষ এবং স্কুলের প্রধান শিক্ষকসহ ছয়জনকে গ্রেপ্তার করেছে।

আহত অধ্যক্ষ মনির আহমেদ জানান, সপ্তাহে খানেক আগে টিএন্ডটি কলেজের উন্নয়ন সংক্রান্ত ব্যাপারে কলেজের গভর্নিং বডির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কলেজের গভর্নিং বডি তার বক্তব্যের সঙ্গে দ্বিমত পোষণ করে তার ওপর ক্ষুব্ধ হন। এর জের ধরেই গভর্নিং বডির চেয়ারম্যানের নির্দেশে কতিপয় মস্তান গতকাল বেলা ১২টার দিকে তাকে ডেকে কলেজ ক্যাম্পাসে হকিস্টিক দিয়ে বেদম প্রহার করে বলে অধ্যক্ষ মনির আহমেদ অভিযোগ করেন। এ ব্যাপারে মতিঝিল থানায় মামলা দায়ের করা হয়েছে।